



তারিখ: ১৯ মে ২০০২
 পৃষ্ঠা: ৬ কলাম: ৩

প্রেসিডেন্ট একিউএম বদরুদ্দোজা চৌধুরী গতকাল 'টেকনিক্যাল ম্যানপাওয়ার ডেভেলপমেন্ট' বিষয়ক সেমিনারে উদ্বোধনী ভাষণ দেন

বিজ্ঞান ও প্রযুক্তির সহায়তা ছাড়া দারিদ্র্য থেকে পরিত্রাণ পাওয়া কঠিন প্রেসিডেন্ট

স্টাফ রিপোর্টার : গতকাল (শনিবার) প্রেসিডেন্ট প্রফেসর এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী বলেছেন, বিজ্ঞান ও প্রযুক্তির সাফল্য সত্ত্বেও দুর্ভাগ্যজনক সত্য হলো বিশ্বের দুই-তৃতীয়াংশ জনগোষ্ঠী এখনো দারিদ্র্যসীমার নীচে বসবাস করছে। বিজ্ঞান ও প্রযুক্তির সহায়তা ছাড়া দারিদ্র্য থেকে পরিত্রাণ পাওয়া কঠিন। তিনি বলেন, আমরা এখন বিজ্ঞান ও প্রযুক্তির বিস্ময়কর অগ্রগতির যুগে বসবাস করছি। কাজেই উন্নত এবং উন্নয়নশীল দেশে বিজ্ঞানের সুষ্ঠু প্রয়োগেই কেবল একটি দারিদ্র্যমুক্ত সুখী-সমৃদ্ধ সমাজ গড়ে তুলতে পারেন। কিন্তু সামাজিকভাবে দেশের রাজনীতিবিদরা যদি প্রযুক্তিগত ধারণা আন্স্ব করতে ব্যর্থ হয়, তাহলে সমাজের কার্জিত উন্নয়ন সম্ভব হবে না।

৩ দিনব্যাপী আঞ্চলিক সেমিনার ও ১-এর পঃ ২-এর পঃ দেখুন

প্রেসিডেন্ট ৮-এর পৃষ্ঠার পর

আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন করতে গিয়ে তিনি একথা বলেন। বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে আয়োজিত 'এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের দেশগুলোর টেকসই উন্নয়নের জন্য মধ্যম পর্যায়ের কারিগরি জনশক্তি গড়ে তোলার সুবিধা ও চ্যালেঞ্জ' শীর্ষক এই সেমিনারে সভাপতিত্ব করেন বাংলাদেশ ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স (আইডিইবি)-এর সভাপতি রফিকুল ইসলাম তুইয়া। ম্যানিলাভিত্তিক কলহো প্লান স্টাফ কলেজ ফর টেকনিক্যাল এডুকেশন (সিপিএসসি)-এর সাথে আইডিইবি যৌথ উদ্যোগে এই আন্তর্জাতিক সম্মেলনের আয়োজন করেছে। উদ্বোধনী অধিবেশনে আইডিইবি'র সাধারণ সম্পাদক এ কে এম এ হামিদ, সিপিএসসি'র ফ্যাকাল্টি কনসালটেন্ট ডঃ প্রমোদ বি শেঠ, সম্মেলন আয়োজক কমিটির চেয়ারম্যান হুমায়ুন খাদেম প্রমুখ বক্তব্য রাখেন।